

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

নং-৩৩.০১.০০০০.১০২.১৬.০০২.১৮- ২০১২

তারিখ: ২৩/০৭/২০১৬

কার্যালয় স্মারক

বিষয়: যথাসময়ে মাসিক আয়-ব্যয়ের হিসাব অধিদপ্তরে প্রেরণ করা প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের বাজেট বরাদ্দ সংক্রান্ত প্রতিটি পত্রে প্রতিমাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে মাসিক আয়-ব্যয়ের হিসাব এবং ১০(দশ) তারিখের মধ্যে হিসাব রক্ষণ দপ্তর কর্তৃক রিকনসিলিয়েশন করে হিসাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনস্থ দপ্তরসমূহের কর্মকর্তাগণ যথাসময়ে মাসিক আয়-ব্যয়ের হিসাব অধিদপ্তরে প্রেরণ করেন না। অনেকেই মাস শেষ হয়ে গেলেও পূর্ববর্তী মাসের হিসাব প্রদান থেকে বিরত থাকেন। বিশেষকরে কতিপয় বিভাগীয় উপ-পরিচালকগণ তাঁর এবং তাঁর অধীনস্থ জেলা, উপজেলা, জেলা হাসপাতাল এবং মেট্রো থানার হিসাব একত্রিত (Consolidated) করে যথাসময়ে প্রেরণ করেন না। যা মোটেও কাম্য নয়। কেননা Annual Performance Agreement (APA) তে এ বিষয়ে পয়েন্ট এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ থাকায় যথাসময়ে মাসিক আয়-ব্যয়ের হিসাব মন্ত্রণালয়ে প্রেরণ করা না হলে মন্ত্রণালয়ের বিভিন্ন সভায় অধিদপ্তর বিরত অবস্থায় পড়ে এবং এতে করে অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এবং A.P.A এর লক্ষ্যমাত্রা অর্জিত হয় না।

এমতাবস্থায় অগ্রাধিকার ভিত্তিতে/জরুরী বিবেচনায় ৫(পাঁচ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর এবং তাঁর অধীনস্থ দপ্তর সমূহের মাসিক আয়-ব্যয়ের হিসাব একত্রিত (Consolidated) করে এবং ১০(দশ) তারিখের মধ্যে হিসাব রক্ষণ দপ্তর কর্তৃক রিকনসিলিয়েশন করে অধিদপ্তরের হিসাব ও বাজেট শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হ'ল। এছাড়া যে সকল কর্মকর্তা এখনও জুলাই/১৮ হতে সেপ্টেম্বর/১৮ পর্যন্ত মাসিক আয়-ব্যয়ের হিসাব প্রদান করেননি, তাদেরকে আগামী ৩(তিন) দিনের মধ্যে তাঁর এবং তাঁর অধীনস্থ দপ্তরের মাসিক আয়-ব্যয়ের হিসাব একত্রিত (Consolidated) করে অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হ'ল। যথাসময়ে হিসাব পাওয়া না গেলে বিষয়টি মন্ত্রণালয়ে অবহিত করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

( ডাঃ হীরেশ-রঞ্জন ভৌমিক )

মহা-পরিচালক(চ.দা.)

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১) পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণাগার, মহাখালী, ঢাকা।
- ৩) অধ্যক্ষ, অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৪-১১) উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ১২) উপ-পরিচালক, প্রাণিসম্পদ (ঔষধাগার) দপ্তর, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৩) উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, বাংলাদেশ, ঢাকা।
- ১৪) চীফ ভেটেরিনারী অফিসার, কেন্দ্রীয় প্রাণি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৫) অধ্যক্ষ, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
- ১৬) উপ-অধ্যক্ষ, রংপুর চিড়িয়াখানা/ বিনোদন উদ্যান, রংপুর।
- ১৭) উপ-অধ্যক্ষ, প্রাণি জরিপ দপ্তর, মিরপুর, ঢাকা।
- ১৮) সহকারী পরিচালক, জেলা পিগ ফার্ম, রাংগামাটি পার্বত্য জেলা।
- ১৯) অত্র অধিদপ্তরের হিসাব ও অডিট শাখা।